# হাতে-কলমে

# Reading Skills

Recent Bazar

**Saifur Rahman Khan**

◇ বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের

*IELTS / GRE* ও *GMAT*-এর **trainer**

◇ সরকারি-বেসরকারি কর্মকর্তাদের

বিভিন্ন ধরনের *English* কোর্সের **trainer**

**Edition** ◻ **2026**
**Published By** ◻ **S@ifur's Publication**
**Copyright ©** ➲ **Saifur Rahman Khan**

[ এই বই অথবা বইয়ের কোনো অংশ **pdf** করে বিক্রি করা বা **free** সরবরাহ করা আইনত দণ্ডনীয় ]

## Distributor

18/2, জয়চন্দ্র ঘোষ লেন (শহীদ ময়েজউদ্দিন রেড ক্রিসেন্ট হাসপাতালের সামনে)
প্যারিদাস রোড, বাংলাবাজার, ঢাকা। মোবাইল: 01713 43 20 15; 01613 43 20 16

**YouTube চ্যানেল :**
www.youtube.com/saifursofficial

S@ifur's-**এর বই পেতে :**
01713 43 20 15; 01613 43 20 16
**(10 am 5 pm)**

English **ও ক্যারিয়ার নিয়ে বইয়ের অর্ডার করতে :**
www.saifursbooks.com

Recent Bazar

**ISBN Number: 978-984-99233-2-9**

**Compose & Design:**
মো. আল-মামুন ফেরদৌস, আব্দুল কুদ্দুস শেখ

**Price: Tk. 400 (*Fixed*) ; US $ 15 only**

এই বই থেকে

**সবচেয়ে বেশি উপকৃত হওয়ার উপায়ঃ**

একটি passage

**solve** করতে

**যদি তোমার ২ ঘন্টা লাগেও,**

তাতে অসুবিধে নাই।

**প্রয়োজনে dictionary-র সাহায্য নাও।**

**মোট কথা প্রথমে নিজে খাটো ও ভুল করো !**

এভাবে একটি passage নিজে চেস্টার পরে এই বইয়ের ব্যাখ্যাটা পড়ো।

তারপর, ঐ passage-টি ৩০ দিন পরে

Recent Bazar

**আবার নিজে নিজে solve করো।**

এতে হয়ত অনেক প্রশ্নই

**দ্রুত solve করে ফেলতে পারবে,**

যেহেতু সমাধানটি আগেই পড়েছো।

কিন্তু দেখবে যে ৩/৪-টি প্রশ্ন

**আবার ভুল হবেই বা confusion-এ পড়বে।**

এই প্রশ্নগুলোর ব্যাখ্যা আবার ভালোভাবে পড়ো।

এই বইয়ের প্রতিটি passage-ই

**এভাবে একের পর এক**

**বুঝে বুঝে solve করো।**

Recent Bazar

# Table of Contents


| | | |
|---|---|---|
| | এই বই পড়ার নিয়ম ------------ | 001 |
| 01 | **Rapid Police Response** ------------ | 002 – 005 |
| | ৩৪ page জুড়ে ব্যাখ্যা ------------ | 006 – **040** |
| * | *YES, NO, NOT GIVEN*-এর একটা *Tips* ------------ | 041 – 042 |
| 02 | **Cutty Sark: the fastest sailing ship of all time** ------------ | 043 – 045 |
| | *Exam-Approach*-এ ব্যাখ্যা ------------ | 046 – 056 |
| * | একই ধরনের বাক্য বানানোর *Practice* ------------ | 057 – 058 |
| ֍ | **নকশি কাঁথা** ------------ | 060 – 062 |
| * | *Active Reading strategies*-এর তত্ত্ব কথা ------------ | 063 – 064 |
| ֍ | **Shakespeare** ------------ | 065 – 067 |
| * | বিদেশী ভার্সিটি লাখ লাখ টাকা নিবে *English* শেখাতে, অথচ .... ! ------------ | 068 – 071 |
| 03 | **Astoria's Private Rental Accommodation Market** ------------ | 072 - 076 |
| | *Sentence* ভেঙে ভেঙে - ২৯ *page* জুড়ে *explanation* ------------ | 078 – 107 |
| * | *IELTS* কর্তৃপক্ষের দেয়া কিছু আঁতেল পরামর্শ ------------ | **108 – 109** |
| * | তুমি নিজেই যাচাই করো ------------ | **110** |
| 04 | **Fish Oil** ------------ | **111 – 113** |
| | *Exam-Approach*-এ ১৩ পৃষ্ঠার ব্যাখ্যা ------------ | **114 – 127** |
| * | *Reading Skill* নিয়ে *Academic* পুঁথিগত তত্ত্ব ------------ | **128** |
| * | বিশ্ববিদ্যালয় ও শিক্ষার সমস্যা: অম্লান দত্ত (*Amlan Dutta*)-এর উচ্চারণ ------------ | **129** |
| * | শিক্ষকের ডিগ্রী বা পদবী নয়, তোমার দরকার ইংরেজি শেখা ------------ | **130** |
| 05 | **Job Sharing** ------------ | **131 – 135** |
| | ১৮ page জুড়ে তৃপ্তিকর সমাধান - **বাংলায়** ------------ | **136 – 154** |
| * | *Reading* নিয়ে আরো পান্ডিত্য ------------ | **155 – 157** |
| 06 | **Keeping Cut Flowers** ------------ | **158 – 160** |
| | **ধরে ধরে** ব্যাখ্যা ------------ | **161 – 168** |
| * | *Exam*-এর জন্য একটা গুরুত্বপূর্ণ *Reading Skill* ------------ | **169** |


Recent Bazar

| | | | |
|---|---|---|---|
| 07 | **Non-motorized Vehicles in Asia** | ------------ | 170 – 173 |
| | ভেঙে ভেঙে **ব্যাখ্যা** - ষোলো ***page*** জুড়ে | ------------ | 174 – 191 |
| * | রিডিং নিয়ে ভার্সিটির বই থেকে আরো কিছু তাত্ত্বিক জ্ঞান | ------------ | 192 – 196 |
| 08 | **Alexander Technique & Disability** | ------------ | 197 – 200 |
| | **ধৈর্য ধরে** ব্যাখ্যা - *spread over 14 pages* | ------------ | 201 – 215 |
| * | প্রচলিত কিছু ভুল ! | ------------ | 216 – 220 |
| ֍ | **36th BCS** (রিটেন) **English প্রশ্ন** | ------------ | 221 – 223 |
| | বাংলায় **বিস্তারিত** ব্যাখ্যা - ২৭ page জুড়ে | ------------ | 224 – 252 |
| * | **একজন** *English* **বিশেষজ্ঞের বই থেকে নেয়া .......** | ------------ | 253 – 254 |
| 09 | **Fanwall Noise Barrier** | ------------ | 255 – 258 |
| | *Exam-Approach*-এ **ব্যাখ্যা** | ------------ | 259 – 273 |
| * | বাংলাদেশিরা রিডিং-এ খারাপ করে ........... | ------------ | 274 – 276 |
| 10 | **Of Ducks and Duck Eggs** | ------------ | 277 – 281 |
| * | গ্রামারের কত ধানে, ইংলিশের কত চাল .... | ------------ | 282 |
| * | গ্রামারের ধানে, ভাষার কত চাল মাপতে পারবে ... | ------------ | 283 |
| 11 | **Early Telecommunications Devices** | ------------ | 284 – 287 |
| | **হাতে-কলমে** ব্যাখ্যা | ------------ | 288 – 297 |
| * | রিডিং *Skill* নিয়ে অনার্সের *Academic* বই থেকে পরামর্শ | ------------ | 298 |
| * | ১০-টা *sub-skill*-এর আলোচনা: | ------------ | 299 |
| * | Contextual Clues | ------------ | 300 |
| * | আমি স্কুল জীবনের শুরু থেকেই | ------------ | 301 |
| 12 | **Tea Tree Oil** | ------------ | 302 – 305 |
| | *Exam-Approach*-এ **ব্যাখ্যা** | ------------ | 306 – 323 |
| * | আমরা কী *Spanish* ভাষা দিয়ে *Spanish* শিখতে পারবো | ------------ | 318 – 319 |
| * | একটি প্রশংসনীয় স্বীকারোক্তি | ------------ | 324 |
| 13 | **High School Students in Part-time Employment:** | ------------ | 325 – 333 |
| * | *Graph* বানানোর বিস্তারিত পদ্ধতি | ------------ | 334 – 338 |
| ֍ | **ব্রেনের বিশ্রামের জন্য সহজ Passage** (অনার্সের কম্পালসারী English) | ------------ | 339 – 362 |


Recent Bazar

| | | | |
|---|---|---|---|
| 14 | **Watching Freedonia's Borders** | ------------ | 363 – 366 |
| | *Exam-Approach*-এ ব্যাখ্যা | ------------ | 367 – 379 |
| * | অথচ, *ELT* পণ্ডিতগণ বলেন, বাংলা দিয়ে *English* শেখানো যাবে না | ------------ | 380 |
| * | ইংলিশে অনার্সের পাঠ্য বইয়ের নমুনা পৃষ্ঠা | | 381 |
| 15 | **Literacy in Freedonia's Prisons** | ------------ | 382 – 386 |
| | আসল পরীক্ষায় যেভাবে ***solve*** সেভাবে ব্যাখ্যা | ------------ | 387 – 397 |
| * | ***Google Translate***-এ বাংলা অর্থ ভুল | ------------ | 398 |
| * | বাংলা একাডেমীর ডিকশনারীতে অতৃপ্তি | ------------ | 399 |
| * | *Vocabulary* শিখতে হবে বাক্যে ব্যবহারের মাধ্যমে | ------------ | 400 |
| * | ডিকশনারীতে দেয়া বাংলা শব্দের আবার বাংলা লাগবে | ------------ | 401 |
| 16 | **The Dangers of Air Conditioning** | ------------ | 402 – 406 |
| | *Exam-Approach*-এ ব্যাখ্যা | ------------ | 407 – 415 |
| * | বিশ্ববিদ্যালয় শিক্ষার্থীদের জন্য কিছু খোলা-মেলা কথা | ------------ | 417 – 420 |
| 17 | **Doctoring sales** | ------------ | 421 – 424 |
| 18 | **Endless Harvest** | ------------ | 425 – 428 |
| * | আমার এবং তোমার জীবনের উদ্দেশ্য কী? | ------------ | 429 |
| * | আল্লাহর বন্ধু হওয়ার উপায় | ------------ | 430 |
| * | প্রিয় শিক্ষার্থী | ------------ | 432 |
| 19 | **Making Every Drop Count** | ------------ | 433 – 436 |
| 20 | **Plans to Protect the Forests of Europe** | ------------ | 437 – 440 |
| ֍ | **ব্রেনকে একটু রেস্ট দেয়া যাক** | ------------ | 441 – 444 |
| 21 | **Makete Integrated Rural Transport Project** | ------------ | 445 – 451 |
| 22 | **Why being bored is stimulating – and useful, too** | ------------ | 452 – 456 |
| * | English নিয়ে আমার কোনো সমস্যা নেই | ------------ | 457 – 458 |
| * | তোমার হাতে ৩০ বছরের নির্যাস | ------------ | 459 – 460 |
| * | Reading-এ দুর্বলরা বিদেশেও সমস্যায় | ------------ | 461 |
| * | পোলাপান এত কষ্ট করে অনার্স-মাস্টার্সে | ------------ | 462 |
| * | English-এ অনার্সের text বই বাংলা দিয়ে ভরা ! | ------------ | 463 |
| * | একজন ক্যাডারের সরল স্বীকারোক্তি | ------------ | 464 |


Recent Bazar

# Foreword

Educators in Bangladesh are in a frenzy over how to boost English skills of our students. This book helps the readers understand texts better and in the process, develops in them the love reading, the very engine that invites the student into a lifetime of reading. It is a very practical book, and it evinces a passion for reading that engenders the same in us. This book takes the lid off the reading process and show the operation of the foremost skill that people need in order to read well. What it shows isn't from a distance.

Sincere teachers of English can learn many things about reading comprehension teaching from this book. This book redefines the purpose of comprehension: new thinking and worthwhile learning. ***Good Luck*** **!**

Recent Bazar

**এই বইয়ের passage-গুলো পরীক্ষায় কমন আসবে না !!**

## কিন্তু, ব্যাখ্যাগুলো মন দিয়ে পড়লে

- ❶ **IELTS** Reading-এ **7.5**$^+$ পাবে ইন্‌শাআল্লাহ্
- ❷ ভর্তি পরীক্ষা, **BCS**, ব্যাংক প্রভৃতি চাকুরির পরীক্ষায় **English**-এ ৯০%$^+$ পাবে ইন্‌শাআল্লাহ্
- ❸ English পত্রিকা পড়ে সহজেই বুঝবে,
- ❹ BBA / MBA / ডাক্তারী / Engineering পাঠ্য বই পড়ে তৃপ্তি পাবে,
- ❺ **Correct English**-এ **E-mail**/রিপোর্ট/**Essay** প্রভৃতি লেখা সহজ হবে।

# # 01 Rapid Police Response

**A** Police departments in the United States and Canada see it as central to their role that they respond to calls for help as quickly as possible. This ability to react fast has been greatly improved with the aid of technology. The telephone and police radio, already long in use, assist greatly in the reduction of police response time. In more recent times there has been the introduction of the '911' emergency system, which allows the public easier and faster contact with police, and the use of computer systems, which assist police in planning patrols and assigning emergency requests to the police officers nearest to the scene of the emergency.

**B** An important part of police strategy, rapid police response is seen by police officers and the public alike as offering tremendous benefits. The more obvious ones are the ability of police to apply first-aid lifesaving techniques quickly and the greater likelihood of arresting people who may have participated in a crime. It aids in identifying those who witnessed an emergency or crime, as well as in collecting evidence. The overall reputation of a police department, too, is enhanced if rapid response is consistent, and this in itself promotes the prevention of crime. Needless to say, rapid response offers the public some degree of satisfaction in its police force.

**Para # B**

**enhance** (য়েন্‌হ্যান্‌স্‌) - গুণে / মানে / খ্যাতিতে বৃদ্ধি পাওয়া।
**strategy** (স্ট্র্যাটেজি) - কৌশল । **obvious** (অব্‌ভিয়াস্‌) - সুস্পষ্ট ।
**reputation** (রেপিউ্‌টেই্‌শ্‌ন্‌) - খ্যাতি । **promote** (প্রমৌট্‌) - বাড়ানো ।
**in itself** (ইন্‌ ইট্‌সেল্‌ফ্‌) - নিজের থেকেই।

**C** While these may be the desired consequences of rapid police response, actual research has not shown it to be quite so beneficial. For example, it has been demonstrated that rapid response leads to a greater likelihood of arrest only if responses are in the order of 1-2 minutes after a call is received by the police. When response times increase to 3-4 minutes – still quite a rapid response – the likelihood of an arrest is substantially reduced. Similarly, in identifying witnesses to emergencies or crimes, police are far more likely to be successful if they arrive at the scene no more than four minutes, on average, after receiving a call for help. Yet both police officers and the public define 'rapid response' as responding up to 10 – 12 minutes after calling the police for help.

Recent Bazar

**D** Should police assume all the responsibility for ensuring a rapid response? Studies have shown that people tend to delay after an incident occurs before contacting the police. A crime victim may be injured and thus unable to call for help, for example, or no telephone may be available at the scene of the incident. Often, however, there is no such physical barrier to calling the police. Indeed, it is very common for crime victims to call their parents, their minister, or even their insurance company first. When the police are finally called in such cases, the effectiveness of even the most rapid of responses is greatly diminished.

এই বই থেকে যা শিখবে
সেগুলো ইন্‌শাআল্লাহ্‌
সারাজীবনই কাজে দিবে !

**E** The effectiveness of rapid response also needs to be seen in light of the nature of the crime. For example, when someone rings the police after discovering their television set has been stolen from their home, there is little point, in terms of identifying those responsible for the crime, in ensuring a very rapid response. It is common in such burglary or theft cases that the victim discovers the crime hours, days, even weeks after it has occurred. When the victim is directly involved in the crime, however, as in the case of robbery, rapid response, provided the victim was quickly able to contact the police, is more likely to be advantageous. Based on statistics comparing crimes that are discovered and those in which the victim is directly involved, Spelman & Brown (1981) suggest that three in four calls to police need not be met with rapid response.

**F** It becomes clear that importance of response time in collecting evidence or catching criminals after a crime must be weighed against a variety of factors. Yet because police department officials assume the public strongly demands rapid response, they believe that every call to the police should be met with it. Studies have shown, however, that while the public wants quick response, more important is the information given by the police to the person asking for help. If a caller is told the police will arrive in five minutes but in fact it takes ten minutes or more, waiting the extra time can be extremely frustrating. But if a caller is told he or she will have to wait 10 minutes and the police indeed arrive within that time, the caller is normally satisfied. Thus, rather than emphasizing rapid response, the focus of energies should be on establishing realistic expectations in the caller and making every attempt to meet them.

## Questions 1 – 5

*Choose the most suitable headings for paragraphs **B – F** from the list of headings below. Write the appropriate numbers (**i - ix**) in boxes **1 – 5** on your answer sheet.*

**NB :** *There are more headings than paragraphs so you will not use all of them. You may use any of the headings more than once.*

Recent Bazar

# List of Headings

| | |
|---|---|
| (i) | Responsibilities of responding police officers |
| (ii) | Perceived advantages of rapid response |
| (iii) | Police response to public satisfaction |
| (iv) | Communicating response time to people requesting help |
| (v) | When rapid response is and is not necessary |
| (vi) | Role of technology in improving police response |
| (vii) | Response time and success of response(সাড়া) |
| (viii) | Public demand for catching criminals |
| (ix) | Obstacles (অব্স্টেইক্ল্ - বাধা) to quickly contacting the police |

| *Example* | Paragraph A | *Answer* vi |
|---|---|---|

আসল পরীক্ষাতেও example হিসেবে এমন একটি উত্তর দেয়া থাকতে পারে।

1. Paragraph B
2. Paragraph C
3. Paragraph D
4. Paragraph E
5. Paragraph F

## Questions 6 and 7

*Name the TWO LATEST technological developments that reduce police response time. Using* ***NO MORE THAN THREE WORDS*** *for each answer, write the two developments separately in boxes 6 & 7 on you answer sheet.*

## Questions 8 - 14

*Do the following statements reflect the claims of the writer in the Passage? In boxes* ***8 – 14*** *in the Answer Sheet, write*

| | |
|---|---|
| **YES** | *if the statement reflects the writer's claims* |
| **NO** | *if the statement contradicts the writer* |
| **NOT GIVEN** | *if there is no information about this in the passage* |

Recent Bazar

08. Police believe there is a better chance of finding witnesses to a crime if response is rapid.
09. A response delay of 1-2 minutes may have substantial (সাব্স্ট্যান্শিয়াল - অনেক) influence on whether or not a suspect criminal is caught.
10. The public and the police generally agree on the amount of time normally taken for a response.
11. Physical barriers are the greatest cause of delay in contacting police.
12. Rapid response is considered desirable (ডেযায়েরেইব্ল্ - *desire*-যোগ্য = কাঙ্ক্ষিত) in handling cases of burglary.
13. Research shows that some 75% of crimes are discovered by victims after they have been committed.
14. Police departments are usually successful in providing a rapid response regardless (রিগার্ড্লেস্ - *regard*-বিহীন = বিবেচনাবিহীন = যাই হোক না কেন = নির্বিশেষে) of the circumstances of the crime or emergency.

**শব্দের অর্থ Para # A**

**react** (রিঅ্যাক্ট) = আবার *act* করা = আবার ক্রিয়া করা = প্রতিক্রিয়া করা।
**assist** (এ্যাসিস্ট) - সহায়তা করা। **introduction** = *introduce*-করণ = প্রবর্তন; চালুকরণ।
**patrol** (পেইট্রোল্) - টহল দেওয়া। **technology** (ঠেক্-নো-লজী) - প্রযুক্তি।

**শব্দের অর্থ Para # C**

**likelihood** (লাই্ক্লিহুড্) - সম্ভাবনা। **substantially** (সাব্স্ট্যান্শিয়ালী) - অনেক পরিমাণে।

**Para # D**

**assume** (অ্যাসিউ্ম্) - গ্রহণ করা। **injure** (ইন্জিউর্) - আহত হওয়া। **diminish** (ডিমিনিশ্) - হ্রাস পাওয়া।

**Para # E**

**effectiveness** (ইফেক্টিভ্নেস্) - কার্যকারিতা। **advantageous** (এ্যাড্ভান্টেইজাস্) - উপকারী।

**Para # F**

**weigh** (ওয়েই্) - ওজন করা; তুলনা করা। **focus** (ফৌকাস্) - মনোযোগের কেন্দ্র।

Recent Bazar

# Exam-approach-এ ব্যাখ্যা

আগেই বলা হয়েছে প্রথমেই পুরো passage পড়ে ফেললে মাথা গুলিয়ে যাবে।

প্রথমে প্রশ্নে চলো। List of Headings-এ direction-এ আছে –

***Choose the most suitable headings for paragraphs B – F from the list of headings below.***

তার মানে, paragraph-গুলোর heading বের করতে হবে।
আর paragraph-এর বিষয়বস্তু যেটা, সেটাই হলো হেডিং।

এই প্রশ্নে Example হিসেবে উত্তর আছে vi (অর্থাৎ six):

***'Role of technology in improving police response'***
(= পুলিশের সাড়ার উন্নয়নে প্রযুক্তির ভূমিকা)

এটাই হলো, Paragraph A-এর heading (শিরোনাম), তার মানে, বিষয়বস্তু। কেন এটা প্রথম para-র heading হলো, তা বোঝার জন্য প্রথম para-র প্রথম বাক্যটি মন দিয়ে পড়া যাক: ***Police departments in the United States & Canada see it as central to their role that they respond to calls for help as quickly as possible.***

**শব্দগুচ্ছের অর্থ**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | Police departments | ... | = | | পুলিশের দপ্তর | ... |
| ... | in the United States | ... | = | ... | যুক্তরাষ্ট্রে | ... |
| ... | and Canada | ... | = | ... | ও কানাডায় | ... |
| ... | see it | ... | = | ... | দেখে এটাকে | ... |
| ... | as central | ... | = | ... | কেন্দ্রীয় হিসাবে | ... |
| ... | to their role that | ... | = | ... | তাঁদের ভূমিকার জন্য যে | ... |
| ... | they respond | ... | = | ... | তাঁরা সাড়া দেয় | ... |
| ... | to calls | ... | = | ... | ফোন-কলে | ... |
| ... | for help | ... | = | ... | সাহায্যের জন্য | ... |
| ... | as quickly | ... | = | ... | অতটা দ্রুত | ... |
| ... | as possible | . | = | ... | যতটা সম্ভব | । |

**English** শব্দ ও **phrase** (= শব্দগুচ্ছ) এবং **বাক্য** পড়ার সময় **জোরে জোরে** উচ্চারণ করে **পড়ো !**

**বাক্যের অর্থ**

US এবং Canada-র পুলিশ বিভাগ তাদের ভূমিকার কেন্দ্রীয় দিক অর্থাৎ অত্যন্ত গুরুত্বপূর্ণ দিক হিসেবে এটিকে দেখে যে, *help*-এর জন্য *call* (তার মানে, *phone call*)-গুলোর প্রতি তারা যত দ্রুত সম্ভব সাড়া দেয়।

Recent Bazar

∴ এই বাক্য পড়ে বোঝা যাচ্ছে,
দ্রুত সাড়া দেয়ার ব্যাপার নিয়ে এই para-তে discuss করা হতে পারে।
para-র heading নিশ্চিতভাবে বের করার জন্য
ঐ para-র 1st sentence-এর সাথে সাথে
2nd sentence-টি পড়লে আরো clear ধারণা পাওয়া যায়।
sure না হওয়া পর্যন্ত পরের sentence-গুলোও পড়ে যেতে হবে,
যেহেতু heading বের করাটাই এখানে main কাজ।

এখন 2nd sentence পড়া যাক:

***This ability to react fast has been greatly improved with the aid of technology.***
(= দ্রুত সাড়া দেয়ার এই ক্ষমতা অনেক খানি উন্নত করা গিয়েছে টেকনোলজির সাহায্যে।)

**শব্দগুচ্ছের অর্থ**

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | This ability | ... | = | | এই সামর্থ্য | ... |
| ... | to react fast | ... | = | ... | দ্রুত সাড়া দেয়ার | ... |
| ... | has been | ... | = | ... | করা গিয়েছে | ... |
| ... | greatly improved | ... | = | ... | অনেক পরিমানে উন্নত | ... |
| ... | with the aid | ... | = | ... | সহায়তা দিয়ে | ... |
| ... | of technology | . | = | ... | টেকনোলজির | । |

তার মানে, বিভিন্ন *technology*-র কথা এই para-তে আছে।
তাই, para A-এর হেডিং হিসেবে উত্তর দেয়া আছে vi:

**vi**: **Role of technology in improving police response**

**English** বাক্য
**বোঝার দক্ষতা**
**বাড়লে**
**এভাবে**
**ভেঙে ভেঙে**
**চিন্তা করা**
**লাগবে না !**

এই উত্তরটি এভাবে বুঝে নিলে,
এই passage-এর অন্যান্য হেডিং বের করতে যেয়ে তোমার confidence বাড়বে।
Example-এর প্রশ্ন / উত্তর পড়লে সময় নষ্ট হবে —
এই ধারনাটা ভুল।
বরং যেহেতু passage নিয়ে কিছুই জানা নেই,
তাই example হিসেবে answer-টি ভালোভাবে বুঝে নেয়াতে
পরের প্রশ্নগুলো solve করার টেনশন দূর হয়ে আত্মবিশ্বাস তৈরি হবে।
আর, যদি আসল প্রশ্নে এমন Example না দেয়া থাকে,
এতেও বিন্দুমাত্র সমস্যা নেই !

Recent Buzar

## # 1-এর ব্যাখ্যা

এক নম্বর প্রশ্নে লেখা আছে paragraph B। তার মানে, para B-এর heading বের করতে হবে। তাহলে Para B-এর 1st line পড়া যাক: ***An important part of police strategy, rapid police response is seen by police officers and the public alike as offering tremendous benefits*** (= *police strategy*-র একটি গুরুত্বপূর্ণ অংশ *rapid police response*-কে *police officer* এবং *public* উভয়ই দেখে এই হিসেবে যে, এর দ্বারা প্রচন্ড উপকার হয়।)

### ভেঙে ভেঙে বাক্যের অর্থ

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | An important part | ... | = | | একটি গুরুত্বপূর্ণ অংশ | ... |
| ... | of police strategy | , | = | ... | পুলিশের কৌশলের | , |
| ... | rapid police response | ... | = | ... | পুলিশের দ্রুত সাড়া | ... |
| ... | is seen | ... | = | ... | দেখা হয় | ... |
| ... | by police officers | ... | = | ... | পুলিশ অফিসারদের দ্বারা | ... |
| ... | and the public alike | ... | = | ... | এবং জনগণ একইভাবে | ... |
| ... | as offering | ... | = | ... | দিচ্ছে হিসেবে | ... |
| ... | tremendous benefits | . | = | ... | প্রচন্ড উপকার | । |

গ্রামার রুল ও **structure** কিছুই লাগে না এই বাক্য **বুঝতে !**

Recent Bazar

তার মানে, এই para-তে দ্রুত সাড়ার *benefit* নিয়ে আলোচনা করা হবে। আরো sure হওয়ার জন্য পরের বাক্যটাও পড়া যাক: ***The more obvious <u>ones</u> are the ability of police to apply first-aid life saving techniques quickly and the greater likelihood of arresting people who may have participated in a crime.*** (= অধিকতর সুস্পষ্ট উপকারগুলো হলো জীবন রক্ষাকারী প্রাথমিক সেবা দেওয়ার দ্রুত কৌশল প্রয়োগের সামর্থ্য এবং যারা কোন অপরাধে জড়িত হয়ে থাকতে পারে, তাদেরকে গ্রেফতারের অধিকতর সম্ভাবনা।)

### শব্দগুচ্ছ বোঝা যাক

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | The more obvious | ... | = | | অধিকতর সুস্পষ্ট | ... |
| ... | ones are | ... | = | ... | গুলো হলো | ... |
| ... | the ability of police | ... | = | ... | পুলিশের ক্ষমতা | ... |
| ... | to apply | ... | = | ... | প্রয়োগ করার | ... |
| ... | first-aid | ... | = | ... | *first aid* | ... |
| ... | life saving techniques | ... | = | ... | জীবন রক্ষাকারী কৌশল | ... |
| ... | quickly and | ... | = | ... | দ্রুত এবং | ... |
| ... | the greater likelihood | ... | = | ... | আরো বেশি সম্ভাবনা | ... |
| ... | of arresting people | ... | = | ... | লোকদের গ্রেফতার করার | ... |
| ... | who may have | ... | = | ... | যারা হয়তো | ... |
| ... | participated in a crime | . | = | ... | অংশ নিয়েছে একটা অপরাধে | । |

ভেঙে ভেঙে **বুঝে নিলে** পরবর্তীতে **writing**-এ একবারে **বড় বড়** বাক্য লিখতে **পারবে !**

এই বাক্যের শুরুতে <u>*ones*</u>-এর অর্থ কী, বলো তো?? *ones* অর্থ 'গুলো'!!

∴ *The more obvious ones* অর্থ হলো অধিকতর সুস্পষ্টগুলো।

এখন বলো, এই *ones* (= গুলো) বলতে কোন্‌গুলো বুঝাচ্ছে ??

*ones* বুঝাচ্ছে আগের বাক্যের মূল বিষয়বস্তু *benefits*-কে –

*The more obvious benefits* (...... অধিকতর স্পষ্ট উপকারগুলো হলো......)।

অতএব, এই para-তে *rapid response*-এর *benefit* নিয়েই discuss করা হবে।

∴ এখন answer-গুলোতে দেখো

*benefit*-এর synonym কোনো word আছে কিনা;

যদি কোনো answer-এ সরাসরি *benefit* শব্দটি দেয়া থাকে,

তবে সেটি answer না হওয়ারই সম্ভাবনা।

ii-তে *benefit*-এর synonym

একটি শব্দ ***advantage*** দেয়া আছে :

**English**-এ অনার্সের **Literature**-এর নাটক / novel-এর বাক্য এবং কবিতার পঙক্তি **বোঝাও সহজ হবে** এই বইয়ের **ব্যাখ্যাগুলো পড়লে !**

***Perceived advantages of rapid response***

(= দ্রুত ***response***-এর perceived সুবিধাগুলো।)

{*perceived* অর্থ perceive-কৃত = ধারণাকৃত / অনুমিত / উপলব্ধিকৃত।}

∴ **ii** উত্তর হতে পারে।

আর, vii-য়েও *benefit*-এর synonym শব্দ *success* দেয়া আছে।

কিন্তু, vii-এ *Response time* থাকাতে

Paragraph B-এর heading হিসেবে appropriate হয় না।

কেননা, para B-তে response time নিয়ে কিছুই বলা হয় নাই।

∴ **1**-এর **answer হবে (ii)**।

**শিখো:** *Perceived advantages* বলাতে আমি বুঝে ফেললাম যে, এই ধারণাকৃত *advantage*-গুলো বাস্তবে অনেকগুলোই পাওয়া যাবে না। **'perceived'** শব্দ থেকে এটাই বোঝা যায় !!

**Reading # 2**



Recent Bazar

# Exam-approach-এ # 2

এবার 2 নম্বর প্রশ্নে যাই। Question # 2-তে লেখা আছে Paragraph C। তার মানে, Para C-এর heading বের করতে হবে। তাহলে আগের মতই আবার passage-এ চলে যাওয়া যাক। Heading বের করতে para-C-এর প্রথম লাইনটি পড়তে হবে। Paragraph C-এর 1st line-এ আছে:

***While these may be the desired consequences of rapid police response, actual research has not shown it to be quite so beneficial.***

**শব্দগুচ্ছের অর্থ**

| | | | |
|---|---|---|---|
| While these may be | ... | = | যদিও এগুলো হতে পারে ... |
| ... the desired | ... | = | ... আকাঙ্খিত/ প্রত্যাশিত ... |
| ... consequences | ... | = | ... পরিণতি/ ফলাফলগুলো ... |
| ... of rapid police response | , | = | ... পুলিশের দ্রুত সাড়া দেয়ার , |
| ... actual research | ... | = | ... বাস্তব গবেষণা ... |
| ... has not shown it | ... | = | ... দেখায়নি এটাকে ... |
| ... to be quite so beneficial | . | = | ... এতটা উপকারী বলে । |

পরীক্ষার সময় এই page + পরের page-এর **কাজগুলো করতে লাগবে মাত্র ১৫ সেকেন্ড !**

**বাক্যের অর্থ**

যদিও পুলিশের দ্রুত সাড়া দেওয়ার কাঙ্খিত ফলাফল এগুলো হতে পারে,
সত্যিকারের গবেষণায় এটাকে এত উপকারী বলে দেখা যায়নি।

প্রথমে এই বাক্যের অর্থ বোঝা যাক। *these* দিয়ে কাকে বোঝানো হচ্ছে। *these* মানে তো "এইগুলো"।

কিন্তু প্রশ্ন হলো "এইগুলো" বলতে কোন্‌গুলো - কাদেরকে বোঝানো হচ্ছে।
একটু চিন্তা করো কোন্ শব্দের পরিবর্তে ***these*** বসল ।

বাংলা অর্থ

তাহলে, এবার আরেকটি নতুন ***technique*** শেখা যাক:

এই বাক্যটি এই para-র first লাইন হওয়াতে *these* দিয়ে নিশ্চয়ই
ঠিক আগের para-র কোনো কিছুকে বুঝানো হচ্ছে।

হ্যাঁ, paragraph B-তে যে সব *benefit*-এর কথা discuss করা হয়েছে, *these* দিয়ে সেগুলোকে refer করা হচ্ছে। *desire* অর্থ চাওয়া। *desired* (ডে-ঝায়্যার্‌ড্) অর্থ কাঙ্ক্ষিত / প্রত্যাশিত। *desired consequences* অর্থ কাঙ্ক্ষিত ফলাফল বা পরিণতিগুলো।

*while* অর্থ কি? না, *while*-এর অর্থ এখানে 'যখন' নয়।
বাক্যটি পড়ে বোঝা যাচ্ছে, এখানে *while* অর্থ যদিও (*though* বা *although*)।

**বাক্যের অর্থ:**

যদিও *rapid police response*-এর কাঙ্ক্ষিত ফলাফল হলো এগুলো (মানে, এই *benefit*-গুলো), বাস্তব গবেষণায় এটি (অর্থাৎ *rapid police response*) এত উপকারী বলে প্রতীয়মান হয়নি।

Recent Bazar